**আলহাজ্ব এ্যাড. এম এ মজিদ**
**প্রধান উপদেষ্টা**
বিসিক শিল্প মালিক সমিতি
বিসিক শিল্পনগরী ঝিনাইদহ
ও
**সভাপতি**
বাংলাদেশ জাতীয়তাবাদী দল
ঝিনাইদহ জেলা শাখা



# বাণী

ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ২০২৪ উপলক্ষে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

বার্ষিক প্রতিবেদন কেবল একটি নথি নয়, এটি গত এক বছরের কর্মতৎপরতার মূল্যায়ন, সাফল্যের স্বীকৃতি এবং ভবিষ্যৎ পরিকল্পনার দিকনির্দেশনা। ঝিনাইদহ চেম্বার ব্যবসা-বাণিজ্য, শিল্পোন্নয়ন এবং উদ্যোক্তা বিকাশে যে কার্যকর ভূমিকা পালন করছে তা প্রশংসার দাবিদার। এ প্রতিবেদন নিঃসন্দেহে ব্যবসায়ী সমাজ ও সংশ্লিষ্ট মহলের জন্য এক গুরত্বপূর্ণ দলিল হয়ে থাকবে।

আমাদের ঝিনাইদহ একটি কৃষিনির্ভর অঞ্চল। এখানে কৃষিজাত পণ্য, বিশেষত ধান, কলা, পান, পাট, সবজি ও মাছের প্রচুর উৎপাদন হয়ে থাকে। কিন্তু কাঁচামাল সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণের যথাযথ ব্যবস্থা গড়ে না উঠায় কৃষক ও উদ্যোক্তারা প্রাপ্য লাভ থেকে বঞ্চিত হন। তাই এই অঞ্চলের টেকসই অর্থনৈতিক উন্নয়নের জন্য আধুনিক খাদ্য সংরক্ষণাগার, কোল্ড স্টোরেজ, কৃষি প্রক্রিয়াজাত শিল্প এবং রপ্তানিমুখী শিল্প স্থাপন অত্যন্ত জরুরী।

চেম্বারকে এ ক্ষেত্রে নেতৃত্বমূলক ভূমিকা রাখতে হবে। ব্যবসায়ীদের পাশে থেকে তাদের সমস্যা সমাধানে কার্যকর পদক্ষেপ নিতে হবে, একইসঙ্গে কৃষিজাত কাঁচামালকে শিল্পে রুপান্তরের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে হবে। বিশ্বায়নের এ প্রতিযোগিতামূলক সময়ে আমাদেরকে তথ্যপ্রযুক্তি নির্ভর ব্যবসা-বাণিজ্য, উদ্ভাবনী উদ্যোক্তা তৈরি, এবং টেকসই শিল্প গড়ে তোলার দিকে বিশেষ মনোযোগ দিতে হবে। তরুন প্রজন্মকে উদ্যোক্তা হওয়ার জন্য উৎসাহিত করা এখন সময়ের দাবি।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র বার্ষিক প্রতিবেদন ২০২৪ হবে আমাদের অঞ্চলের ব্যবসায়ী সমাজ ও শিল্পোদ্যোগীদের জন্য অনুপ্রেরণার উৎস এবং ভবিষ্যতের অগ্রযাত্রার দিকনির্দেশনা।

আমি চেম্বারের উত্তরোত্তর সাফল্য, ব্যবসায়ী সমাজের ঐক্য এবং ঝিনাইদহ তথা বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক অগ্রযাত্রার সমৃদ্ধি কামনা করছি।

আল্লাহ আমাদের সহায় হোন।

**(আলহাজ্ব এ্যাড. এম এ মজিদ)**